CIS-BCCI

**Commonwealth of Independent States-Bangladesh Chamber of Commerce and Industry**

Corporate Address: Flat # 2B (1st Floor), House # 39, Road # 24, Gulshan-1, Dhaka-1212, Bangladesh.
Telephone: +88-02-222281332, +88 01979881332
E-mail: cisbcci.info@gmail.com, Web: www.cis-bcci.org


## সিআইএস-বিসিসিআই কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির নির্বাচন
## (২০২৩-২০২৬, ত্রি-বার্ষিক)

তারিখঃ ০৬/০৭/২০২৩

# নির্বাচন তফসিল

| ক্রমিক | বিবরণ | তারিখ | দিন | সময় |
|---|---|---|---|---|
| ১. | ত্রি-বার্ষিক নির্বাচনের নোটিশ বিতরণ | ০৬/০৭/২০২৩ | বৃহস্পতিবার | বিকেল ৪ টা |
| ২. | পুরাতন সদস্যদের বার্ষিক চাঁদা হালনাগাদ সহ সকল প্রকার বকেয়া পাওনা পরিশোধ এবং ব্যবসা প্রতিষ্ঠানের প্রতিনিধির নাম ও হালাদনাগাদ ট্রেড লাইসেন্স, টিআইএন সনদের সত্যায়িত ফটোকপি এবং দুই কপি পাসপোর্ট সাইজের ছবি জমাদানের সর্বশেষ তারিখ | ১৩/০৯/২০২৩ | বুধবার | বিকেল ৪ টা পর্যন্ত |
| ৩. | নির্বাচন বোর্ড কর্তৃক প্রাথমিক ভোটার তালিকা প্রকাশ | ২১/০৯/২০২৩ | বৃহস্পতিবার | বিকেল ৪ টা |
| ৪. | প্রাথমিক ভোটার তালিকার উপর সংক্ষুব্ধ ভোটার কর্তৃক আপীল বোর্ডের নিকট আপত্তি দাখিলের সর্বশেষ তারিখ | ২৪/০৯/২০২৩ | রবিবার | বিকেল ৪ টা পর্যন্ত |
| ৫. | আপীল বোর্ড কর্তৃক প্রাথমিক ভোটার তালিকার আপত্তির উপর শুনানী ও সিদ্ধান্ত প্রদান | ২৬/০৯/২০২৩ | মঙ্গলবার | বিকেল ৪ টা |
| ৬. | আপীল বোর্ড এর প্রদত্ত সিদ্ধান্ত মোতাবেক নির্বাচন বোর্ড কর্তৃক চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ | ০২/১০/২০২৩ | সোমবার | বিকেল ৪ টা |
| ৭. | ১৭ টি পরিচালক পদে নির্বাচনের জন্য মনোনয়নপত্র বিতরণ ও দাখিলের তারিখ ও সময় | ০৩-০৮ অক্টোবর ২০২৩ | মঙ্গলবার-রবিবার | বিকেল ৪ টা পর্যন্ত |
| ৮. | নির্বাচন বোর্ড কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ ও সময় | ১১/১০/২০২৩ | বুধবার | বিকেল ৪ টা |
| ৯. | নির্বাচন বোর্ড কর্তৃক বৈধ প্রার্থীদের প্রাথমিক তালিকা প্রকাশ | ১৪/১০/২০২৩ | শনিবার | বিকেল ৪ টা |
| ১০. | মনোনয়নপত্র বাতিল সম্পর্কিত সংক্ষুব্ধ প্রার্থী কর্তৃক আপীল বোর্ডের নিকট আপত্তি দাখিলের শেষ তারিখ ও সময় | ১৬/১০/২০২৩ | সোমবার | বিকেল ৪ টা পর্যন্ত |
| ১১. | মনোনয়নপত্র বাতিল সম্পর্কিত দাখিলকৃত আপত্তির উপর শুনানী ও সিদ্ধান্ত প্রদান | ১৮/১০/২০২৩ | বুধবার | বিকেল ৪ টা |
| ১২. | আপীল বোর্ডের সিদ্ধান্ত মোতাবেক নির্বাচন বোর্ড কর্তৃক বৈধ প্রার্থীদের তালিকা প্রকাশ | ২২/১০/২০২৩ | রবিবার | বিকেল ৪ টা |
| ১৩. | প্রার্থীপদ প্রত্যাহারের সর্বশেষ তারিখ ও সময় | ২৫/১০/২০২৩ | বুধবার | বিকেল ৪ টা পর্যন্ত |
| ১৪. | নির্বাচন বোর্ড কর্তৃক চূড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশ | ২৮/১০/২০২৩ | শনিবার | বিকেল ৪ টা |
| ১৫. | নির্বাচন অনুষ্ঠান (ভোট গ্রহণ)<br>স্থানঃ সিআইএস-বিসিসিআই চেম্বার, গুলশান-১, ঢাকা | ১১/১১/২০২৩ | শনিবার | সকাল ১০ থেকে বিকেল ৪ টা পর্যন্ত (বিরতিহীন) |
| ১৬. | ভোট গ্রহণ শেষে ভোট গননা ও ফলাফল প্রকাশ | ১১/১১/২০২৩ | শনিবার | ভোট গ্রহণ শেষ হওয়ার পর |
| ১৭. | নির্বাচনের জন্য সভাপতি পদে ১ টি, সিনিয়র সহ-সভাপতি পদে ১টি এবং সহ-সভাপতি পদে ১টি মনোনয়নপত্র বিতরণ ও দাখিলের তারিখ ও সময় | ১২-১৩ নভেম্বর ২০২৩ | রবিবার-সোমবার | দুপুর ২ টা পর্যন্ত |
| ১৮. | নির্বাচিত নির্বাহী সদস্যদের ভোটে নির্বাচন ও প্রাথমিক ফলাফল প্রকাশ | ১৩/১১/২০২৩ | সোমবার | ভোট গ্রহণ শেষ হওয়ার পর |
| ১৯. | নির্বাচন ফলাফলের বিরুদ্ধে সংক্ষুব্ধ প্রার্থী কর্তৃক আপীল বোর্ডের নিকট আপত্তি দাখিলের সর্বশেষ তারিখ ও সময় | ১৫/১১/২০২৩ | বুধবার | বিকেল ৪ টা পর্যন্ত |
| ২০. | আপীল বোর্ড কর্তৃক নির্বাচন ফলাফলের আপত্তির উপর শুনানী ও সিদ্ধান্ত প্রদান | ১৮/১১/২০২৩ | শনিবার | বিকেল ৪ টা |
| ২১. | আপীল বোর্ডের সিদ্ধান্ত মোতাবেক নির্বাচন বোর্ড কর্তৃক চূড়ান্ত ফলাফল প্রকাশ | ১৯/১১/২০২৩ | রবিবার | বিকেল ৪ টা |

| | | |
|---|---|---|
| বিজয় কুমার কেজরীওয়াল | জাহাঙ্গীর হোসেন খান | মোঃ মশিউর রহমান |
| চেয়ারম্যান | সদস্য | সদস্য |
| সিআইএস-বিসিসিআই নির্বাচন বোর্ড | সিআইএস-বিসিসিআই নির্বাচন বোর্ড | সিআইএস-বিসিসিআই নির্বাচন বোর্ড |
| নির্বাচন-২০২৩-২০২৬ | নির্বাচন-২০২৩-২০২৬ | নির্বাচন-২০২৩-২০২৬ |
| Chairman Election Board CIS-BCCI | Member Election Board CIS-BCCI | Member Election Board CIS-BCCI |

CamScanner

CIS-BCCI
Commonwealth of Independent States-Bangladesh Chamber of Commerce and Industry
Corporate Address: Flat # 2B (1st Floor), House # 39, Road # 24, Gulshan-1, Dhaka-1212, Bangladesh.
Telephone: +88-02-222281332, +88 01979881332
E-mail: cisbcci.info@gmail.com, Web: www.cis-bcci.org

## CIS-Bangladesh Chamber Of Commerce & Industry (CIS-BCCI)
## সিআইএস-বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (সিআইএস-বিসিসিআই)

**বাড়ি # ৩৯, রোড # ২৪, গুলশান-১, ঢাকা-১২১২**

**কার্যনির্বাহী কমিটির ত্রি-বার্ষিক মেয়াদের (২০২৩-২০২৬) নির্বাচন আচরণ বিধিমালা**

১. CIS-Bangladesh Chamber Of Commerce & Industry (CIS-BCCI) **সিআইএস-বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (সিআইএস-বিসিসিআই)** অধ্যাদেশ-১৯৬১ বাণিজ্য সংগঠন বিধিমালা-১৯৯৪ এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত গত ৩১/০৭/২০০২ তারিখের এমসি/৬ সিএ-৪/২০০২/৪২২ নং আদেশ মোতাবেক নির্বাচন বোর্ড কর্তৃক সর্বসম্মত সিদ্ধান্তক্রমে সিআইএস-বিসিসিআই কার্যনিবাহী কমিটির ২০২৩-২০২৬ (ত্রি-বার্ষিক) মেয়াদের নির্বাচন পরিচালনার জন্য এই নির্বাচন আচরণ বিধি প্রণীত হল।

**সংজ্ঞা**

২. **(ক) নির্বাচনঃ** নির্বাচন বলতে আর্টিক্যালস এর ২৬ (২) অনুচ্ছেদ অনুসারে ত্রি-বার্ষিক (২০২৩-২০২৬) মেয়াদের জন্য অনুষ্ঠেয় পরিচালনা পরিষদ নির্বাচনকে বোঝানো হইবে।

**(খ) নির্বাচন বোর্ডঃ** নির্বাচন বোর্ড বলতে ত্রি-বার্ষিক (২০২৩-২০২৬) মেয়াদের নির্বাচন পরিচালনার জন্য ১৪/০৫/২০২৩ পরিচালনা বোর্ড কর্তৃক গঠিত নির্বাচন বোর্ডকে বোঝানো হইবে।

**(গ) আপিল বোর্ডঃ** আপিল বোর্ড বলতে ত্রি-বার্ষিক (২০২৩-২০২৬) মেয়াদের নির্বাচন সংক্রান্ত আপত্তি নিস্পত্তির জন্য ১৪/০৫/২০২৩ তারিখে সিআইএস-বিসিসিআই চেম্বারের পরিচালনা পরিষদ কমিটি কর্তৃক গঠিত নির্বাচন আপিল বোর্ডকে বোঝানো হবে।

**(ঘ) মনোনয়ন ফরমঃ** নির্বাচন পরিচালনায় প্রার্থীপদে নির্বাচনের নির্বাচন বোর্ড কর্তৃক প্রণীত যে নির্ধারিত ফরমের মাধ্যমে প্রার্থিতার জন্য আবেদন করিতে হইবে তা মনোনয়ন ফরম হিসাবে গণ্য হবে।

**(ঙ) ব্যালট পেপারঃ** কেন্দ্রীয় নির্বাচন বোর্ড কর্তৃক প্রণীত যে পেপারে ভোটারগণ ভোট প্রদান করবেন তাই ব্যালট পেপার হিসাবে গণ্য হইবে।

**(চ) ভোটার ঃ** সিআইএস-বিসিসিআই নির্ধারিত আবেদন ফরম পুরণ করে এবং নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে সদস্যপদ গ্রহণ করিতে হইবে। তাহলেই সে ভোটার হইতে পারবে। তবে উল্লেখ থাকে যে, নতুন সদস্যের ক্ষেত্রে নির্বাচনের ১২০ দিন পূর্বে অবশ্যই সদস্যপদ গ্রহণ করিতে হইবে এবং পুরাতন সদস্যের ক্ষেত্রে ৬০ দিন পূর্বে সদস্যপদ নবায়ন করিয়া প্রাথমিক ভোটার তালিকায় নাম অর্ন্তভূক্তি করিতে হইবে।

CIS-BCCI
Commonwealth of Independent States-Bangladesh Chamber of Commerce and Industry
Corporate Address: Flat # 2B (1st Floor), House # 39, Road # 24, Gulshan-1, Dhaka-1212, Bangladesh.
Telephone: +88-02-222281332, +88 01979881332
E-mail: cisbcci.info@gmail.com, Web: www.cis-bcci.org

৩। **প্রার্থী মনোনয়ন প্রক্রিয়া ঃ**

ক) পরিচালক পদে নির্বাচনের প্রতিদ্বন্দ্বিতা করার জন্য নির্বাচন বোর্ড কর্তৃক নির্ধারিত ফরম ২,০০,০০০/= (দুই লক্ষ) টাকা মূল্য পরিশোধ করিয়া সংগ্রহ করা যাইবে। পরিশোধিত টাকা মনোনয়ন পত্রের সাথে জমাদানের রশিদ সহকারে যথাযথভাবে পূরণকৃত মনোনয়ন ফরম নির্বাচনী তফসিলে ঘোষিত নির্ধারিত তারিখ ও সময়ে নির্বাচন বোর্ডের নিকট দাখিল করিতে হইবে।

খ) কোনো ভোটার নির্বাচনে প্রার্থী হতে চাইলে নির্বাচন বোর্ড কর্তৃক প্রণীত মনোনয়ন ফরমের মাধ্যমে পরিচালক পদের জন্য ২,০০,০০০ (দুই লক্ষ) টাকা মনোনয়ন ফি সিআইএস-বিসিসিআই প্রধান কার্যালয়ের হিসাব শাখায় জমাদানপূর্বক রশিদ সংগ্রহ করে রশিদের মূল কপিসহ প্রার্থিতার জন্য মনোনয়নপত্র ফরম নির্বাচনী তফসিলে ঘোষিত নির্ধারিত তারিখ ও সময়ে নির্বাচন বোর্ডের নিকট দাখিল করিতে হইবে। উক্ত মনোনয়ন ফি অফেরৎযোগ্য যা সংগঠনের জন্য ব্যয় করা হবে।

গ) নির্বাচিত পরিচালনা পর্ষদ হইতে (১জন) সভাপতি, (১জন) সিনিয়র সহ-সভাপতি ও (১ জন) সহ-সভাপতি পদে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য যথাক্রমে ৮,০০,০০০.০০/= (আট লক্ষ), ৫,০০,০০০.০০/= (পাঁচ লক্ষ) ও ৩,০০,০০০.০০/= (তিন লক্ষ) টাকা মনোনয়ন ফি সিআইএস-বিসিসিআই প্রধান কার্যালয়ের হিসাব শাখায় জমাদানপূর্বক রশিদ সংগ্রহ করে রশিদের মূল কপিসহ প্রার্থিতার জন্য মনোনয়নপত্র ফরম নির্বাচনী তফসিলে ঘোষিত নির্ধারিত তারিখ ও সময়ে নির্বাচন বোর্ডের নিকট গ্রহণপূর্বক দাখিল করিতে হইবে। উক্ত মনোনয়ন ফি অফেরৎযোগ্য।

ঘ) সিআইএস-বিসিসিআই এর আর্টিক্যালস অব মেমোরেন্ডাম অনুসারে ১৭ (সতের) টি পরিচালক পদের জন্য নির্বাচন অনুষ্ঠিত হবে।

ঙ) চুড়ান্ত ভোটার তালিকাভূক্ত যে কোন ভোটার পরিচালনা পরিষদের সদস্য পদের জন্য মনোনয়নপত্র জমা দিতে পারবেন। এ ক্ষেত্রে কোন ভোটার নির্বাচন বোর্ড অথবা নির্বাচন আপীল বোর্ড- এর সদস্য হলে তিনি প্রার্থী হতে পারবেন না। তবে ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন।

চ) আর্টিক্যালস্ এর ২১ (এ) এবং বাণিজ্য সংগঠন বিধি ২১ (৬) ধারা অনুসারে ১ (এক) জন **সভাপতি**, ১ (এক) জন **সিনিয়র সহ সভাপতি** ও ১ (এক) জন **সহ সভাপতি** পরিচালনা পরিষদের সদস্যগণ কর্তৃক নির্বাচিত হবেন।

ছ) নির্বাচিত পরিচালকদের মধ্য থেকে যে কোন পরিচালক পর্ষদ **সভাপতি/সিনিয়র সহ সভাপতি/সহ সভাপতি** পদে প্রতিদ্বন্দ্বিতার জন্য মনোনয়নপত্র জমা দিতে পারবেন।

জ) একজন ভোটার পরিচালক পদে অনধিক ১৭ (সতের) জন প্রার্থীর মনোনয়ন ফরমে প্রস্তাবক অথবা সমর্থক হিসাবে স্বাক্ষর প্রদান করতে পারবেন। অধিক স্বাক্ষরিত হলে সকল মনোনয়নপত্র বাতিল বলে গণ্য হবে।

ঝ) মনোনয়ন ফরমে বর্ণিত তথ্যাবলী সঠিক না হলে, লেখা অস্পষ্ট হলে বা কাটাকাটি বা ফ্লুয়িড ব্যবহার বা কোন ভুল পরিলক্ষিত হলে, নির্বাচন তফসিলে বর্ণিত সময়ের মধ্যে মনোনয়নপত্র জমা না দিলে ইত্যাদি কারণে নির্বাচন বোর্ড মনোনয়নপত্র বাতিল করতে পারবেন।

ঞ) কোন প্রার্থীর মনোনয়ন সংক্রান্ত কোন আপত্তি (যদি থাকে) নির্বাচন তফসিলে উল্লেখিত সময়ের মধ্যে লিখিতভাবে আপিল বোর্ডের নিকট দাখিল করিতে হইবে। নির্ধারিত সময়ের পরে মনোনয়ন সংক্রান্ত কোন আপত্তি বিবেচনা করা হবে না।

ট) নির্বাচন তফসিলে বর্ণিত সময়ে নির্বাচন বোর্ড মনোনয়নপত্র বাছাই এবং প্রাথমিক বৈধ মনোনয়ন তালিকা প্রকাশ করে তা নোটিশ বোর্ডে প্রদর্শন করবেন।



CamScanner

CIS-BCCI
Commonwealth of Independent States-Bangladesh Chamber of Commerce and Industry
Corporate Address: Flat # 2B (1st Floor), House # 39, Road # 24, Gulshan-1, Dhaka-1212, Bangladesh.
Telephone: +88-02-222281332, +88 01979881332
E-mail: cisbcci.info@gmail.com, Web: www.cis-bcci.org

ঠ) আপিল বোর্ড নির্বাচন তফসিলে উল্লেখিত সময়ে বৈধ মনোনয়ন তালিকা সংক্রান্ত আপত্তির (যদি থাকে) শুনানী গ্রহণ করবেন। শুনানীর পর গৃহীত সিদ্ধান্ত নির্বাচন বোর্ডকে যথা সময়ে লিখিতভাবে অবহিত করিবেন। আপিল বোর্ডের সিদ্ধান্তের ভিত্তিতে নির্বাচন বোর্ড কর্তৃক চূড়ান্ত মনোনয়ন তালিকা প্রকাশ এবং নির্বাচন বোর্ড কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শিত হইবে।

থ) বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত গত ৩১/০৭/২০০২ ইং তারিখের এম.সি/অবা-৬/সিএ-৪/২০০২/ ৪২২ নং আদেশ এর ১(৩) উপ-অনুচ্ছেদ মোতাবেক পরিচালনা পর্ষদ মেয়াদ যাই হউক না কেন উক্ত আদেশ জারীর পর কোন ব্যক্তি উক্ত কমিটিতে প্রতি মেয়াদের জন্য অনুষ্ঠিত নির্বাচনের মাধ্যমে একাদিক্রমে ৬ বৎসরের জন্য নির্বাচিত হলে তিনি উক্ত ৬ বৎসর মেয়াদ শেষ হওয়ার পরবর্তী ২ বছর নির্বাচনে প্রার্থী হতে পারবেননা। তবে উল্লেখ থাকে যে, পরিচালনা পর্ষদ ও ভোটাররা যদি চায় তাহলে নির্বাচনে প্রার্থী হতে কোন বাধা নেই।

দ) চূড়ান্ত ভোটার তালিকাভূক্ত নয় এমন কোন ব্যক্তি প্রার্থী অথবা প্রস্তাবক অথবা সমর্থক হতে পারবেন না।

৪। **মনোনয়ন প্রত্যাহার ঃ**

ক) নির্বাচন বোর্ড বরাবর লিখিত আবেদনের মাধ্যমে নির্বাচন তফসিলে বর্ণিত সময়ের মধ্যে যে কোনো প্রার্থী তার মনোনয়ন প্রত্যাহার করতে পারবেন।

৫। **নির্বাচন পদ্ধতি ঃ**

ক) চূড়ান্ত ভোটার তালিকাভূক্ত ভোটারগণের ভোটে পরিচালনা পর্ষদের সদস্যগণ নির্বাচিত হবেন।

খ) চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশের পর পরিচালক পদের জন্য নির্ধারিত আসনের সমান সংখ্যক প্রার্থী থাকলে সে ক্ষেত্রে প্রার্থীগণকে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ঘোষণা করা হবে।

গ) নির্ধারিত আসন সংখ্যার চেয়ে প্রার্থী সংখ্যা বেশী হলে সে ক্ষেত্রে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে।

ঘ) নির্ধারিত আসনের কম সংখ্যক প্রার্থী থাকলে যে কয়টি আসন কম হবে ঠিক সেই সংখ্যক আসনের নির্বাচন পরবর্তী ১৫ দিনের নূতন তফসিল জারি করে নির্বাচন অনুষ্ঠিত হইবে।

ঙ) যদি সকল পরিচালনা পর্ষদের সদস্য বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হন, তবে নির্বাচন তফসিলে ঘোষিত তারিখ অনুযায়ী **সভাপতি/সিনিয়র সহ সভাপতি/সহ সভাপতি** পদে নির্বাচন অনুষ্ঠিত হবে।

৬। **ব্যালট পেপার ইস্যু ঃ**

ক) আর্টিক্যালস্ এর ২৬(৫) অনুচ্ছেদ অনুসারে গোপন ব্যালটের মাধ্যমে ভোট গ্রহণ করা হবে।

খ) নির্বাচন বোর্ড ব্যালটপত্র নির্ধারণ করবে। ব্যালটপত্রের প্রথম অংশে ব্যালটপত্র নম্বর মুদ্রিত থাকবে এবং ব্যালটপত্র আবশ্যিকভাবে সিআইএস-বিসিসিআইয়ের সীল ও নির্বাচন বোর্ডের চেয়ারম্যানের স্বাক্ষর সম্বলিত হতে হবে। অন্যথায় উহা গ্রহণযোগ্য হবে না।

গ) নির্বাচন বোর্ড কর্তৃক সংগঠনের দপ্তরে রক্ষিত নমুনা স্বাক্ষরের ভিত্তিতে সন্দেহাতীতভাবে ভোটার সনাক্ত করা হলে নির্বাচনী কর্মকর্তা ভোটারের নাম ও নম্বর লিপিবদ্ধ করে ব্যালটপত্রের প্রথম অংশে উক্ত ভোটারের স্বাক্ষর, নিজ স্বাক্ষর ও সীলসহ যথাযথভাবে পূরণ করতঃ ব্যালটপত্রের অপর অংশটি সংশ্লিষ্ট ভোটারকে প্রদান করবেন এবং চূড়ান্ত ভোটার তালিকায় উক্ত ভোটারের নামের বিপরীতে ব্যালটপত্র নম্বর লিপিবদ্ধ করে ভোটাধিকার প্রয়োগ রেকর্ড করবেন। একজন ভোটারকে কোন অবস্থাতেই একাধিক ব্যালটপত্র প্রদান করা হবে না।



CamScanner

ঘ) পরিচালনা পর্ষদের সদস্যগণ নির্বাচিত হওয়ার পর তাদের মধ্য হতে ১ (এক) জন সভাপতি , ১ (এক) জন সিনিয়র সহ-সভাপতি ও ১ (এক) জন সহ-সভাপতি নির্বাচিত হবেন। উক্ত পদ সমূহে নির্ধারিত সংখ্যার অধিক প্রার্থী হলে গোপন ব্যালটের মাধ্যমে ভোট গ্রহণ করা হবে।

৭। **ভোটদান পদ্ধতি ঃ**

ক) ব্যালট পেপারে প্রার্থীর নামের ডান পার্শ্বে শূন্য ঘর থাকবে। শূন্য ঘরে ক্রস চিহ্ন (×) দিয়ে ভোটারগণ পছন্দমত প্রার্থীকে ভোট প্রদান করবেন।

খ) কোন ভোটার পরিচালক পদে ১৭টির কম বা বেশী সংখ্যক প্রার্থীকে ভোট প্রদান করলে সে ভোট বাতিল বলে গণ্য হবে।

গ) কোন নির্বাচিত পরিচালক- সভাপতি পদে ১ টি, সিনিয়র সহ-সভাপতি ১ টি ও সহ-সভাপতি পদে ১ টির কম বা বেশী সংখ্যক প্রার্থীকে ভোট প্রদান করলে তা বাতিল বলে গণ্য হবে।

ঘ) কোন প্রক্সি ভোট গ্রহণ করা হবে না।

৮। **ভোট গ্রহণ ও ফল প্রকাশ ঃ**

ক) নির্বাচন বোর্ড কর্তৃক নির্ধারিত স্থানে তফসিল অনুযায়ী ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে।

খ) ভোট গ্রহণ সমাপ্ত হওয়ার পর পরই নির্বাচন বোর্ড ভোট গণনা আরম্ভ করবেন। গণনা শেষে নির্বাচন বোর্ড নির্বাচনের প্রাথমিক ফলাফল বিধি অনুযায়ী ঘোষণা করবেন।

গ) সকল পদে সর্বোচ্চ সংখ্যক ভোট প্রাপ্ত প্রার্থীকে নির্বাচিত ঘোষণা করা হবে।

ঘ) প্রাপ্ত ভোটের সর্বোচ্চ সংখ্যাধিক্যের ক্রমানুসারে পরিচালক পর্ষদের সদস্যগণের নাম সাজানো হইবে।

ঙ) একই পদে প্রার্থী সমসংখ্যক ভোট পেলে নির্বাচন বোর্ড লটারীর মাধমে নির্ধারণ করবেন।

৯। **নির্বাচন আচরণবিধি ঃ**

ক) নির্বাচন সংক্রান্ত তথ্যের জন্য বাড়ি # ৩৯, রোড # ২৪, গুলশান-১, ঢাকা-১২১২, ফোনঃ ০২-২২২২৮১৩৩২ সিআইএস-বিসিসিআই নির্বাচন বোর্ড ও নির্বাচন আপীল বোর্ডের কার্যালয় হিসাবে ব্যবহৃত হবে।

খ) ভোট গ্রহণ চলাকালীন সময়ে প্রার্থীদের সন্তুষ্টির জন্য প্রত্যেক প্রার্থীদের পক্ষে মনোনীত সর্বোচ্চ ১ (এক) জন এজেন্ট/প্রতিনিধি ভোট গ্রহণ প্রত্যক্ষ করতে পারবেন। এজেন্ট মনোনয়নের জন্য ভোট গ্রহণ শুরুর পূর্বেই লিখিতভাবে তা নির্বাচন বোর্ডকে জানাতে হবে। তবে ভোটার ব্যতিত কাউকে এজেন্ট মনোনয়ন দেয়া চলবে না।

গ) নির্বাচন বোর্ড কার্যালয় থেকে নির্ধারিত ২০০০.০০ (দুই হাজার) টাকা মূল্য পরিশোধ পূর্বক (অফেরৎযোগ্য) চূড়ান্ত ভোটার তালিকার কপি সংগ্রহ করা যাবে।

ঘ) নির্বাচন বিধিতে উল্লেখ নেই এমন উথাপিত বিষয়ে নির্বাচন বোর্ড এবং আপিল বোর্ড আর্টিক্যালস্ অনুসারে ব্যবস্থা গ্রহণ করবেন। আর্টিক্যালস্ এ উল্লেখ নেই এমন বিষয় উথাপিত হলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কোম্পানী আইন ও ট্রেড অর্গানাইজেশন অধ্যাদেশ ও বিধিমালা অনুসারে নির্বাচন বোর্ড এবং আপিল বোর্ড ব্যবস্থা গ্রহণ করবে।



CamScanner

CIS-BCCI
Commonwealth of Independent States-Bangladesh Chamber of Commerce and Industry
Corporate Address: Flat # 2B (1st Floor), House # 39, Road # 24, Gulshan-1, Dhaka-1212, Bangladesh.
Telephone: +88-02-222281332, +88 01979881332
E-mail: cisbcci.info@gmail.com, Web: www.cis-bcci.org

ঙ) নির্বাচন চলাকালীন সময়ে শান্তি-শৃঙ্খলা রক্ষার প্রয়োজনে নির্বাচন বোর্ড আইন-শৃঙ্খলা রক্ষাকারী কর্তৃপক্ষের সহায়তা গ্রহণ করিতে পারিবে।

চ) ভোট গ্রহণের সময়ে প্রার্থী অথবা তার মনোনীত এজেন্ট এবং নির্বাচন বোর্ড কর্তৃক অনুমোদিত ব্যক্তিগণ ছাড়া অন্য কোন ব্যক্তি ভোট কক্ষে প্রবেশ করতে পারবেন না। এছাড়া কেবলমাত্র ভোটারগণই ভোট প্রদানের জন্য ভোট কক্ষে একবার প্রবেশ করতে পারবেন এবং ভোট প্রদান শেষে ভোট কক্ষ ত্যাগ করবেন।

ছ) ভোট গ্রহণ প্রত্যক্ষ করার জন্য নির্বাচন বোর্ড সিআইএস-বিসিসিআই চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি এর কোন প্রতিষ্ঠানের কোন কর্মকর্তাকে আমন্ত্রণ জানাতে পারবে।

জ) নির্বাচন পর্যায়ে নির্বাচন সংক্রান্ত কোন সমস্যা বা জটিলতার উদ্ভব হলে এবং আপিল বোর্ডের গোচরীভূত হলে তা সমাধানের জন্য আপিল বোর্ড যথাসময়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবে।

ঝ) নির্বাচন সংক্রান্ত যাবতীয় ব্যয় যেমন- পত্রিকায় বিজ্ঞাপন, পোষ্টেজ, কন্টিজেন্সি, ভাতা, ভ্রমন ভাতা, ছাপা, নির্বাচনের সাথে সংশ্লিষ্টদের সম্মানী ভাতা এবং অন্যান্য খরচ সিআইএস-বিসিসিআই তহবিল হতে নির্বাহ করা হবে।

ঞ) নির্বাচন সংক্রান্ত সকল বিষয়ে নির্বাচন বোর্ড এবং আপিল বোর্ড কর্তৃক গৃহীত সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১১। <u>নির্বাচন সংক্রান্ত অতিরিক্ত বিধান ঃ</u>

১. নির্বাচন বোর্ড ও নির্বাচন আপিল বোর্ড বাণিজ্য সংগঠন অধ্যাদেশ, ১৯৬১, বাণিজ্য সংগঠন বিধিমালা ১৯৯৪ এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত গত ৩১/০৭/২০০২ ইং তারিখের এম.সি/অবা-৬/সিএ-৪/২০০২/৪২২ নং আদেশ অনুযায়ী নির্বাচনের কার্যক্রম পরিচালনা করবে।

২.

ক) এ বিধিমালা জারির পর হতে নির্বাচন সম্পন্ন না হওয়া পর্যন্ত কোন প্রার্থী অথবা তার পক্ষে অন্য কোন ব্যক্তির জন্য নিম্নলিখিত বিষয়গুলি অবশ্য পালনীয় হবেঃ

খ) নির্বাচন উপলক্ষে বিজ্ঞাপন প্রদান, কোন প্রকার পোষ্টার, চিকা অথবা ব্যানার ব্যবহার করা যাবে না।

গ) মিছিল করা অথবা শ্লোগান দেয়া যাবে না।

ঘ) ভোটারদের নিকট কেবলমাত্র সাদা-কালো এ-৪ সাইজ এর প্রচারপত্র ব্যতীত অন্য কোন ধরনের প্রচারপত্র, চিরকুট কাগজ কিংবা কোন রকম উপঢৌকন প্রেরণ করা যাবে না।

ঙ) নির্বাচন বোর্ডের তত্ত্বাবধানে একক অথবা গ্রুপ ভিত্তিক প্রার্থী পরিচিতি সভার আয়োজন ব্যতীত কোন প্রার্থী একক অথবা দলবদ্ধভাবে কোন হোটেল রেস্তোরা বা কমিউনিটি সেন্টারে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নির্বাচন ও পরিচিতি সভা অনুষ্ঠান এবং ভোটারদের আপ্যায়নের আয়োজন করতে পারবে না।

চ) নির্বাচন অনুষ্ঠানের ৪৮ ঘন্টা পূর্ব হতে সকল প্রকার নির্বাচনী প্রচারণা সম্পূর্ণ রূপে নিষিদ্ধ থাকবে।

ছ) নির্বাচন অনুষ্ঠানের দিন নির্বাচন বোর্ড কর্তৃক ঘোষিত ভোট কেন্দ্রের ১০০ গজের মধ্যে কোন প্রার্থী অথবা তার সমর্থকদের সমাবেশ, জটলা, ব্যাজ ধারন ও পোষ্টার বহন সম্পূর্নভাবে নিষিদ্ধ থাকবে।

জ) নির্বাচন বোর্ড কর্তৃক নির্দেশিত বিধান বহির্ভূতভাবে কোনো প্রার্থী কিংবা ভোটার ভোট গ্রহণ এলাকায় অহেতুক অবস্থান করতে পারবে না।

ঝ) উপবিধি-ক এর এক বা একাধিক বিধান লঙ্ঘনের ক্ষেত্রে কোনো প্রার্থী উপযুক্ত কারণ দর্শাতে ব্যর্থ হলে তার প্রার্থিতা বাতিল করা হবে।



CamScanner

CIS-BCCI
Commonwealth of Independent States-Bangladesh Chamber of Commerce and Industry
Corporate Address: Flat # 2B (1st Floor), House # 39, Road # 24, Gulshan-1, Dhaka-1212, Bangladesh.
Telephone: +88-02-222281332, +88 01979881332
E-mail: cisbcci.info@gmail.com, Web: www.cis-bcci.org

৩. প্রার্থী পরিচিতি সভায় প্রার্থীগন সুনির্দিষ্ট সময়ের জন্য ভোটারদের উদ্দেশ্যে বক্তব্য পেশ করতে পারবেন। ব্যক্তিগত কুৎসামূলক, অশালীন অথবা রাজনৈতিক বক্তব্য প্রদান করা যাবে না।

৪. প্রার্থী পরিচিতি সভায় ভোটারদের কোনো ধরনের আপ্যায়নের ব্যবস্থা করা যাবে না ।

৫. এই নির্বাচন আচরণ বিধির এক বা একাধিক বিধান লংঘিত হলে অথবা এই বিষয়ে কোন অভিযোগ উত্থাপিত হলে সংশ্লিষ্ট পক্ষকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়ে নির্বাচন বোর্ড এই বিধি মোতাবেক সিদ্ধান্ত প্রদান করবে। নির্বাচন বোর্ডের উক্ত সিদ্ধান্তের বিরুদ্ধে আপত্তি থাকলে সংশ্লিষ্ট পক্ষ আপীল বোর্ডের নিকট সাথে সাথে আপীল দায়ের করবেন এবং আপীল বোর্ড বিধি মোতাবেক তা নিস্পত্তি করবে। আপিল বোর্ড কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৬. নির্বাচন বোর্ড, নির্বাচন কর্মকর্তা, আইন প্রয়োগকারী সংস্থার সদস্যবৃন্দ, নির্বাচনী প্রার্থী এবং ভোটার ভিন্ন অন্য কারও ভোট গ্রহণ কক্ষে প্রবেশাধিকার থাকবে না।

৭. ভোট চিহ্ন প্রদানের জন্য নির্ধারিত গোপন কক্ষে এক সঙ্গে একাধিক ভোটারের প্রবেশ নিষিদ্ধ থাকবে। ভোট গ্রহণ কক্ষের বাইরে ব্যালটপত্র নেয়া যাবেনা।

৮. ভোট গ্রহণ কক্ষে সকল ভোটার নির্বাচন বোর্ড ও সংশ্লিষ্ট নির্বাচন কর্মকর্তার নিয়ন্ত্রণে বিধি মোতাবেক গোপন ব্যালটের মাধ্যমে ভোটাধিকার প্রয়োগ করবেন। এই আদেশের বিধান লংঘন অথবা অসদাচরণ, প্রচারণা ও প্ররোচনায় লিপ্ত যে কোন প্রার্থী অথবা ভোটারকে নির্বাচন বোর্ড তাৎক্ষনিক ভোট কেন্দ্রের এলাকা হতে বহিষ্কার করতে পারবে।

৯. প্রার্থীগণ নির্বাচন অনুষ্ঠানের দিন নির্বাচন বোর্ডের অনুমতি গ্রহণপূর্বক একমাত্র ভোট প্রদানের উদ্দেশ্যে ভোট গ্রহন কক্ষের সংশ্লিষ্ট এলাকায় বিধি মোতাবেক প্রবেশ করতে পারবে।

১০. কোন প্রার্থী ভোট গ্রহণ কক্ষে কোন ভোটারের সংগে কোন প্রকার আলাপ ও প্রচারণায় লিপ্ত হতে পারবেন না।

১১. চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভূক্ত নয়, কিংবা জাল ভোট দান কিংবা ইতোমধ্যে ভোট দিয়েছেন, এমন ভোটারের বিরুদ্ধে অথবা অন্য কোন আচরণবিধি লংঘনের অভিযোগে প্রার্থীগণ নির্বাচন বোর্ড ও নির্বাচন কর্মকর্তার নিকট আপত্তি দাখিল করতে পারবেন।

১২. নির্বাচন বোর্ড দাখিলকৃত আপত্তি, অভিযোগের সুরাহা করতঃ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১৩. নির্বাচন বোর্ড কিংবা নির্বাচনী কর্মকর্তার নিষেধ বা সতর্কীকরণ সত্ত্বেও কোন প্রার্থী ভোট গ্রহণ কক্ষে আলাপচারিতা ও প্রচারণায় লিপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়ে উপদফা (৫) এ বর্ণিত বিধান অনুসরণপূর্বক তার প্রার্থীপদ বাতিল করা যাবে।

১৪. ভোটার তালিকায় ভোটার নম্বর, ভোটারের নাম, তার প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা এবং টিন নম্বর উল্লেখ করতে হবে। সংগঠনের দপ্তরে রক্ষিত সদস্য প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত সদস্যের নমুনা স্বাক্ষরের ভিত্তিতে ভোটার সনাক্ত করা হবে। উক্ত পরিচয়পত্র না থাকলে অথবা স্বাক্ষরে গরমিল হলে ভোট প্রদান করা যাবেনা।



CamScanner

CIS-BCCI
Commonwealth of Independent States-Bangladesh Chamber of Commerce and Industry
Corporate Address: Flat # 2B (1st Floor), House # 39, Road # 24, Gulshan-1, Dhaka-1212, Bangladesh.
Telephone: +88-02-222281332, +88 01979881332
E-mail: cisbcci.info@gmail.com, Web: www.cis-bcci.org

১৫. শারীরিকভাবে অসমর্থ কোন ভোটার, সাহায্যকারী ব্যতীত ভোট দানে অপারগ হলে নির্বাচন বোর্ড কর্তৃক নির্বাচন কর্মকর্তাবৃন্দের মধ্য হতে একজনকে ভোট প্রদান কক্ষে উক্ত ভোটারের সাহায্যকারী নিযুক্ত করা হবে।

১৬. ভোট গ্রহণ আরম্ভের অন্তত ১৫ মিনিট পূর্বে নির্বাচন বোর্ড ব্যালট বাক্সটি বন্ধ ও সীল করবেন এবং প্রার্থী ও ভোটারদের নিকট দৃশ্যমান একটি উপযোগী স্থানে স্থাপন করবে।

১৭. ভোট গ্রহণের বিরতিকালে অথবা নির্বাচন বোর্ড কর্তৃক কেবল মাত্র সাময়িক প্রয়োজনে ভোট গ্রহণ স্থগিত করা হলে ব্যালট বাক্স সীল করে নির্বাচন বোর্ড কর্তৃক ভোট গ্রহণ পুনরায় আরম্ভ না করা পর্যন্ত সংরক্ষিত থাকবে।

১৮. নির্বাচনী তফসিলে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ভোট কেন্দ্রে উপস্থিত সকল ভোটার ভোট দান করতে পারবে।

১৯. উপদফা ১১ (১৮) এ বর্ণিত বিরতির পর ভোট প্রদান সমাপ্ত হলে ভোট গ্রহণ বন্ধ করা হবে। অতঃপর ভোট গণনা শুরু হবে এবং সমাপ্ত না হওয়া পর্যন্ত একটানা চলতে থাকবে।

| | | |
|---|---|---|
| বিজয় কুমার কেজরীওয়াল | জাহাঙ্গীর হোসেন খান | মোঃ মশিউর রহমান |
| চেয়ারম্যান | সদস্য | সদস্য |
| সিআইএস-বিসিসিআই নির্বাচন বোর্ড | সিআইএস-বিসিসিআই নির্বাচন বোর্ড | সিআইএস-বিসিসিআই নির্বাচন বোর্ড |
| নির্বাচন-২০২৩-২০২৬ | নির্বাচন-২০২৩-২০২৬ | নির্বাচন-২০২৩-২০২৬ |
| Chairman Election Board CIS-BCCI | Member Election Board CIS-BCCI | Member Election Board CIS-BCCI |



CamScanner